

অফিস আদেশ

আদেশ নং— ৪৭.৬১.৬৪০০.০০০.৩২.২৭২.২২.৩৭৫

তারিখঃ- ২০/০৬/২০২৩খ্রিঃ।

সমবায় সমিতি আইন-২০০১(সংশোধন-২০০২ ও ২০১৩) এর ৪৩(১) ধারার ক্ষমতা বলে নওগাঁ জেলাধীন সংযুক্ত তালিকায় বর্ণিত এ ও বি গ্রেড ভুক্ত বিভাগীয় প্রাথমিক সর্বমোট ১৭৬৮টি(বি: প্রা:-১৬৩০, সিআইজি প্রকল্পভুক্ত-১০৭, পাবসস-৩১) প্রাথমিক সমবায় সমিতির ২০২২-২০২৩ইং সনের বার্ষিক বিধিবদ্ধ নিরীক্ষা সমিতির নামের পার্শ্বে উল্লেখিত অডিট অফিসারের নামে বরাদ্দ প্রদান করা হলো। মার্চ/২০২৪ খ্রি. তারিখের মধ্যে ১০০% অডিট সম্পাদন করে সংশ্লিষ্ট সকল দপ্তরে নিরীক্ষা প্রতিবেদন দাখিলের জন্য বলা হলো। তবে পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি ও আশ্রয়ন/আবাসন প্রকল্পের সমবায় সমিতির বার্ষিক নিরীক্ষা কার্য ৩১ শে অক্টোবর/২৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে সম্পাদন ও নিরীক্ষা প্রতিবেদন দাখিল করতে হবে।

অডিট সম্পাদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী পালন করতে হবেঃ

- ১। সংশ্লিষ্ট অডিট অফিসারের নামে বরাদ্দকৃত সমবায় সমিতির ৩০/০৬/২০২৩ইং তারিখের স্থাবর-অস্থাবর সম্পত্তি, মজুদ মালামাল নগদ ও ব্যাংক তহবিল ইত্যাদি সরেজমিনে যাচাই করতে হবে এবং অস্বাভাবিক ঘটনা পরিলক্ষিত হলে তাৎক্ষণিক ভাবে নিবন্ধক বরাবর বিশেষ প্রতিবেদন দাখিল করতে হবে।
- ২। সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা/২০০৪, অডিট ম্যানুয়াল পরিপত্র ও দপ্তর আদেশ অনুসারে অডিট সম্পাদন করে সংশ্লিষ্ট সমবায় সমিতির কার্যালয়ে, উপজেলা সমবায় কার্যালয়ে ও জেলা সমবায় কার্যালয়ে নিরীক্ষা প্রতিবেদন দাখিল করতে হবে। সংশ্লিষ্ট সমিতির কার্যালয়ে নিরীক্ষা প্রতিবেদন দাখিল পূর্বক সমিতির কর্তৃপক্ষের নিকট হতে তারিখসহ প্রাপ্তী স্বীকার পত্র গ্রহণ করে জেলা সমবায় কার্যালয়ে দাখিল করতে হবে।
- ৩। সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা/২০০৪ ও সময়ে সময়ে জারীকৃত সাকুলার অনুসরণের জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান, নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয়ের ২৩/০২/১৫ তারিখের ৪২ ও ৪৩ নং সাকুলারের বিষয়সমূহ আবশ্যিকভাবে নিরীক্ষা প্রতিবেদনে অর্ন্তভুক্ত করতে হবে।
- ৪। প্রত্যেক অডিট অফিসারকে প্রতিমাসে অডিট সম্পাদনের ব্যক্তিগত রিটার্ন আবশ্যিকভাবে দাখিল করতে হবে।
- ৫। অডিট অফিসারগণ হিসাব বিবরণী পুংখানুপুংখ পরীক্ষার মাধ্যমে সকল বিধি বহির্ভূত বিষয় ও হিসাবের কারচুপি, জালিয়াতি, আত্মসাতের মত ঘটনাবলীর উদঘাটন নিশ্চিত করবেন এবং এ ধরনের কোন ঘটনা উদঘাটন হওয়া মাত্র তাৎক্ষণিকভাবে নিবন্ধকের বরাবর বিশেষ প্রতিবেদন দাখিল করবেন।
- ৬। নিরীক্ষা প্রতিবেদনে কোন প্রকার মিথ্যা ও ভূয়া তথ্য পরিবেশন করলে অডিট অফিসারের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৭। অডিট বরাদ্দ প্রাপ্ত কোন কর্মকর্তা/কর্মচারী অন্যত্র বদলী হলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা/কর্মচারী উক্ত সমিতির অডিট কার্য সম্পাদন করবেন।
- ৮। যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী মহোদয়ের ৩১/৫/২০১৬খ্রি. তারিখের ১৮৭৬(৮) নম্বর স্মারক এবং ০৮/০৬/২০২২খ্রি. তারিখের ৯৫৭(৮) নম্বর স্মারকে উল্লেখিত বিষয়সমূহ ও নির্দেশনাসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতঃ অডিট প্রতিবেদনে তথ্য সন্নিবেশন করতে হবে।
- ৯। প্রেরিত ও সরবরাহকৃত ডাটা ফরম সমিতির আইডি নম্বর যাচাই অস্তে সঠিকভাবে পূরণ করে আবশ্যিকভাবে অডিট প্রতিবেদনের সহিত দাখিল করতে হবে।

স্বাঃ


খোন্দকার মনিরুল ইসলাম  
জেলা সমবায় অফিসার  
নওগাঁ।  
ফোন নং- ০৭৪১-৬২৫০৬

স্মারক নং— ৪৭.৬১.৬৪০০.০০০.৩২.২৭২.২২.৩৭৫/১৩

তারিখঃ- ২০/০৬/২০২৩খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। জনাব ..... উপজেলা সমবায় অফিসার/জেলা অডিটর/পরিদর্শক/সরেজমিনে তদন্তকারী/প্রশিক্ষক/ সহকারী পরিদর্শক/ সহকারী প্রশিক্ষক, জেলা সমবায় কার্যালয়/উপজেলা সমবায় কার্যালয়, ..... , নওগাঁ। তাঁকে বরাদ্দকৃত সমিতির অডিট নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করে অডিট প্রতিবেদন যথাস্থানে দাখিলের জন্য বলা হলো।
- ২। উপজেলা সমবায় অফিসার, ..... , নওগাঁ।
- ৩। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৪। অফিস নথি।

 ২০/০৬/২০২৩

খোন্দকার মনিরুল ইসলাম  
জেলা সমবায় অফিসার  
নওগাঁ।  
ফোন নং- ০৭৪১-৬২৫০৬